দৈনিক সংবাদ

৮

তারিখ ..NOV 19 1998.
পৃষ্ঠা ৭ কলাম ...

# ৫ই ডিসেম্বর নারী বইমেলা ও সমাবেশ শুরু

(নিজস্ব বার্তা পরিবেশক)

আগামী ৫ই ডিসেম্বর থেকে শুরু হচ্ছে পাঁচ দিনব্যাপী নারীদের বইমেলা ও নারী সমাবেশ। নারীগ্রন্থ প্রবর্তনা আয়োজিত এ বইমেলায় নারীর অধিকারের সপক্ষে লেখা এবং নারীদের লেখা বইয়ের সমাহার ঘটবে।

এ উপলক্ষে গতকাল বৃহস্পতিবার নারীগ্রন্থ প্রবর্তনার কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়ের আয়োজন করা হয়। বইমেলা এবং নারী সমাবেশ সম্পর্কে বক্তব্য রাখেন প্রবর্তনার নির্বাহী পরিচালক ফরিদা আখতার।

বলা হয়, এই বই এবং নারীর সমাবেশে নারী লেখক, মহিলা চিত্রশিল্পী, নারী শ্রমিক, কর্মজীবী নারী, নারী কৃষক এবং আদিবাসী নারীরা অংশ নেবেন। এতে খাবারের দোকান নিয়ে মহিলা হকাররাও অংশ নিতে পারবেন। এতে আলোচনা, গান, নাচ, নাটক এবং ভিডিও প্রদর্শনের ব্যবস্থা থাকবে।